আলমডাঙ্গায় কাব্যগ্রন্থ ‘কিছু কথা’র মোড়ক উন্মোচন

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের উদ্যোগে কবি হাবিবুর রহমান মজুমদারের নতুন কাব্যগ্রন্থ ‘কিছু কথা’ এর জমকালো মোড়ক উন্মোচন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেল ৪টায় স্থানীয় উপজেলা মঞ্চে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাহিত্য পরিষদের সাংগঠনিক সম্পাদক ও বিশিষ্ট কবি গোলাম রহমান চৌধুরি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ও প্রবীণ শিক্ষক ওমর আলী মাস্টার।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্যের পর মোড়ক উন্মোচন পর্ব সম্পন্ন হয়। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম। তিনি কবির লেখনী ও সাহিত্যচর্চার প্রশংসা করেন।

বিশেষ আলোচক হিসেবে কবি আসিফ জাহান কাব্যগ্রন্থটির বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বইটির কবিতাগুলোর সাহিত্যমান ও প্রাসঙ্গিকতা তুলে ধরেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সভাপতি খন্দকার শাহআলম মন্টু, উদ্ভাস সাহিত্য পরিষদের সভাপতি কবি কহন কুদ্দুস, গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের সভাপতি শিক্ষক জামিরুল ইসলাম এবং সাংবাদিক-শিল্পী আতিক বিশ্বাস।

কবি সিদ্দিকুর রহমানের উপস্থাপনায় আরও বক্তব্য রাখেন চলচ্চিত্র পরিচালক জন অলফ, ব্র্যাক ব্যাংকের কর্মকর্তা ও সাংবাদিক মাহফুজুর রহমানসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে বক্তারা বলেন, এ ধরনের সাহিত্যচর্চা স্থানীয় পর্যায়ে সুস্থ সংস্কৃতির বিকাশ এবং নতুন পাঠক তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে স্থানীয় কবি, সাহিত্যিক, সাংবাদিক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

‘১০৭৯ দিনের চুয়াডাঙ্গা’ বইয়ের মোড়ক উন্মোচন

পুলিশ সুপার মো. জাহিদুল ইসলামের লেখা ‘১০৭৯ দিনের চুয়াডাঙ্গা’ বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে।

গতকাল সোমবার ২৭ ফেব্রুয়ারি অমর একুশে বইমেলা প্রাঙ্গণের সোহরাওয়ার্দী উদ্যানের মোড়ক উন্মোচন মঞ্চে বইটির মোড়ক উন্মোচন করা হয়।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

বিশেষ অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শিক্ষক অধ্যাপক ড. জি এম তারিকুল ইসলাম, শিক্ষক ও প্রকাশক রফিকুল ইসলাম।

১০৭৯ দিনের চুয়াডাঙ্গা’ বইটি প্রকাশ করেছে রাদ্ধ প্রকাশ। মো. জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার হিসেবে দায়িত্বপালন করার সময়ের ঘটনাবলি নিয়ে বইটি লেখা।

মো. জাহিদুল ইসলাম বর্তমানে সিআইডি পুলিশ সুপার হিসেবে কর্মরত। পাশাপাশি তিনি নিয়মিত লেখালেখি করে থাকেন।

মেহেরপুরে স্মারকপত্র ‘সুবর্ণরেখা’র মোড়ক উন্মোচন

মেহেরপুর সরকারি কলেজের উদ্যোগে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে স্মারকপত্র ‘সুবর্ণরেখা’র মোড়ক উন্মোচন করা হয়।

মঙ্গলবার সকালে মেহেরপুর সরকারি কলেজ মিলনায়তনে মোড়ক উন্মোচনের অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপাধ্যক্ষ অধ্যাপক আবদুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন কলেজের অধ্যক্ষ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য প্রফেসর শফিউল ইসলাম সরদার।

বক্তব্য দেন সুবর্ণরেখা স্মারকপত্রের সম্পাদক সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, সহযোগী খুরশিদ আলম, খসরু ইসলাম, কাবিল উদ্দিন, ফুয়াদ খান, সহকারি অধ্যাপক মঈনুল ইসলাম, কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ প্রমুখ।